

টিউমার হলে কি করবেন?

শরীরে টিউমার দেখা দিলে আপনার নিকটস্থ এমবিবিএস ডাক্তারকে দেখাবেন। সরাসরি বিশেষজ্ঞ দেখাতে চাইলে সার্জারি বিশেষজ্ঞ দেখাবেন। তিনি আপনাকে এফএনএসি নামে একটি পরীক্ষা করতে সাইটোলজিস্ট-এর নিকট পাঠাবেন। প্যাথলজি বিশেষজ্ঞ যিনি প্যাথলজি বিষয়ে এম ফিল, এম ডি অথবা এফসিপিএস ডিগ্রী করেছেন তিনিই সাইটোপ্যাথলজিস্ট ও হিস্টোপ্যাথলজিস্ট।

সাইটোপ্যাথলজিস্ট একটি ইনজেকশন করার চিকন সুই দিয়ে টিউমার থেকে সামান্য সুই পরিমাণ সেম্পল নিবেন পরীক্ষা করার জন্য। পরীক্ষার রেজাল্ট পেতে মিনিমাম চল্লিশ মিনিট অপেক্ষা করতে হয়। কোন কোন ক্ষেত্রে একটু বেশী সময় লাগে সিদ্ধান্ত নিতে। কারন, মাইক্রোস্কোপ দিয়ে টিস্যুর কোষ দেখে সাইটোপ্যাথলজিস্টকে রোগ নির্ণয় করতে হয়।

এফএনএসি পরীক্ষায় মোটামোটি সঠিক রোগ নির্ণয় করা যায়।

পুরাপুরি সঠিক রোগ নির্ণয় করার জন্য সার্জন অপারেশন করে টিউমারের কিছু অংশ অথবা সম্পূর্ণ হিস্টোপ্যাথলজিস্ট এর নিকট পাঠাবেন হিস্টোপ্যাথলজিক্যাল পরীক্ষা করার জন্য। তাতে দুই তিন সময় লাগবে রিপোর্ট পেতে।

টিউমার দুই রকম। যেটা ক্ষতিকর না সেটা হল বিনাইন টিউমার। যেটা ক্ষতিকর সেটা হল মেলিগনেন্ট টিউমার বা ক্যান্সার।

=====

ডাঃ মোঃ সাদেকুল ইসলাম তালুকদার

ফেইসবুক পোস্ট

সাধারণ স্বাস্থ্য জ্ঞান

৩১/৫/২০১৭